উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

উপজেলা পরিষদ
বালাগঞ্জ, সিলেট

## জুলাই/২০২১ মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদের ২৫তম সাধারণ সভার কার্যবিবরণি

সভাপতি : জনাব মোঃ মোস্তাকুর রহমান , চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ, সিলেট
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বালাগঞ্জ
তারিখ ও সময় : ১৮ জুলাই ২০২১, সকাল : ৩.০০ ঘটিকা

( সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং 'খ' দ্রষ্টব্য )

শোক প্রস্তাবঃ পূর্ব পৈলনপুর ইউনিয়নের ০৪ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক মোঃ আনহার মিয়া মৃত্যুবরণ করায় পূর্ব পৈলনপুর ইউপি চেয়ারম্যান সভায় শোক প্রস্তাব উত্থাপন করেন। সভায় তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে আত্মার মাগফেরাত কামনা করা হয়। শোক প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়-

| বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন | বিগত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণি ধারাবাহিক ভাবে পাঠ করে শুনানো হয়। | কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসা |
| স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ) | উপজেলা নির্বাহী অফিসার, বালাগঞ্জ সভায় নিয়মিত ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্তত: একবার ইউনিয়ন পরিষদের সাধারণ সভা করে সভার কার্যবিবরণি স্বাক্ষরিত হওয়ার পরবর্তী চৌদ্দ দিনের মধ্যে ইউনিয়ন পরিষদের সকল সিদ্ধান্ত উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসা |
| বিগত সভা হতে এ পর্যন্ত প্রাপ্ত সার্কুলার | এ মাসে কোন পরিপত্র /সার্কুলার পাওয়া যায়নি। | পরিপত্র/সার্কুলার পাওয়া গেলে সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। | সকল দপ্তর |
| উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা | উপজেলা কমিটির উপস্থাপনযোগ্য কোন প্রস্তাব/সুপারিশ নেই। | নিয়মিত উপজেলা কমিটির সভা উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সভার তারিখে উপজেলা কমিটির সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা)এবং সদস সচিব সংশ্লিষ্ট সকল স্থায়ী কমিটি |
| উপজেলা পরিষদের উপদেষ্টা তথা মাননীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা | সিলেট-৩ আসন শূন্য থাকায় মাননীয় সংসদ সদস্য এর জুন/২০২১ মাসে উপস্থাপনযোগ্য কোন প্রস্তাব/সুপারিশ নেই। | প্রস্তাব/সুপারিশ নেই | সকল দপ্তর |

| | | | |
|---|---|---|---|
| স্থানীয় সরকার প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)খাতে ১,১৭,৯৩,০০০.০০ (এক কোটি সতের লক্ষ তিরান্নব্বই হাজার) টাকা বরাদ্দ পাওয়া যায়। প্রাপ্ত বরাদ্দকৃত অর্থ হতে প্রকল্প খাতে (PIC+Tender) ১,০৯,৯৩,০০০.০০ টাকা ব্যয় হয়েছে এবং ৮,০০,০০০.০০ টাকা অনিবার্য কারণবশত ব্যয় করা যায়নি।<br>সভায় ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খাতে বরাদ্দপ্রাপ্ত ৮,০০,০০০.০০ টাকা ব্যয় না হওয়ায় অসন্তোষ প্রকাশ করা হয়।<br>তিনি সভায় আরো জানান চক দৌলতপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবনের কাজ বন্ধ রাখার থাকায় সংশ্লিষ্ট ঠিকাদারকে পত্র দেয়া হয়েছে। তিনি বলেন পূর্ব গৌরীপুর ইউনিয়নের নতুন সুনামপুর রাস্তা মেরামত, মাদ্রাসা বাজার রতনপুর রাস্তার প্রাক্কলন অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। এছাড়া খসরুপুর-পৈলনপুর জিসি রাস্তা মেরামত ও সংস্কার কাজের মান বজায় রাখতে নির্বাহী প্রকৌশলীর দপ্তর হতে নিয়মিত সংশ্লিষ্ট কর্মকর্তা পরিদর্শন করছেন এবং উপজেলা প্রকৌশল অফিস হতে কাজ মনিটরিং করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)'র ২০২০-২০২১ অর্থ বছরে গৃহীত প্রকল্প সমূহের ১০০% না হওয়ায় আগামী অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) হতে প্রকল্প সমূহের কাজ নির্ধারিত সময়ে বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।<br>চলমান কাজ সমূহ যথাসময়ে সম্পন্নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান ২০২০-২০২১ অর্থ বছরে গৃহীত প্রকল্প সমূহের কাজ সকলের সার্বিক সহযোগিতায় বাস্তবায়নের জন্য ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের পক্ষ হতে ধন্যবাদ জ্ঞাপন করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান(সকল) |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার পক্ষে প্রতিনিধি সভায় জানান বালাগঞ্জ উপজেলায় করোনা ভ্যাক্সিনেশনের রেজিষ্ট্রেশনের সংখ্যা ৪৫৭১ এর মধ্যে COVISHIELD টিকা ১ম ডোজ ২,৯৬৩ জন এবং ২য় ডোজ ২,০৯৮ জন গ্রহন করছেন। করোনা ভ্যাক্সিন Sinopharm (Vero cell) টিকা ১ম ডোজ ১৩৭ জন গ্রহণ করেছেন। তিনি বালাগঞ্জ উপজেলায় করোনা সন্দেহে ৪৫৭ জনের নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য প্রেরণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন। করোনায় আক্রান্ত পজিটিভ রোগীর সংখ্যা ১৩১। বর্তমানে করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা ১৭ এবং মৃতের সংখ্যা- ০২ করোনা আক্রান্ত রোগীর জন্য বেড সংখ্যা- ০৫ এবং অক্সিজেন সিলিন্ডার মজুদ সংখ্যা ০৬। ৩১ শয্যা হতে ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালের নির্মাণ কাজ চলমান রয়েছে। পুরাতন হাসপাতালের রক্ষণাবেক্ষণ কাজের জন্য নির্বাহী প্রকৌশলী (স্বাস্থ্য) বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান সরকার হতে বালাগঞ্জ স্বাস্থ্য কমপ্লেক্সে নতুন একটি এ্যাম্বুলেন্স বরাদ্দ পাওয়া গিয়েছে।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন করোনা ভাইরাস মোকাবেলা ও প্রতিরোধ সংক্রান্ত ইউনিয়ন কমিটি ও ওয়ার্ড কমিটি কে আরো সক্রিয় করার বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br><br>করোনা ভাইরাস মোকাবেলা ও প্রতিরোধ সংক্রান্ত ইউনিয়ন কমিটি ও ওয়ার্ড কমিটি সক্রিয় করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ ইউপি সংশ্লিষ্ট (সকল) |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বালাগঞ্জ সভায় জানান পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। অতঃপর তিনি জুন/২০২১ মাসের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন- গর্ভবতী পরিচর্যা-১০৯৮, প্রসব সেবা প্রদান-৪১, গর্ভোত্তর পরিচর্যা- ৩২০,শিশু স্বাস্থ্য সেবা-৪৬৯০ সাধারণ রোগী-৩০৭৯ এবং আইইউডি- ০২জন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন ও পরিবার পরিকল্পনা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। পাশাপাশি সুনির্দিষ্টভাবে মাসিক অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে। তাছাড়া পরিবার পরিকল্পনা কার্যক্রমে | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | | জনপ্রতিনিধিদের সম্পৃক্ততা বৃদ্ধি ও সার্বিক সহযোগিতা করতে হবে। | |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি বিভাগের কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | অনাবাদি/পতিত জমি চাষের আওতায় আনয়ণ, কৃষক ও কৃষির উন্নয়ন এবং খাদ্য উৎপাদনের ধারাবাহিকতা অব্যাহত রাখতে উপজেলা কৃষি কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। সার বীজ ও কীটনাশক যাতে প্রকৃত কৃষক পায় বিষয়টি নিশ্চিত করা সহ কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, খাদ্য বিভাগে এপর্যন্ত ৯৫৬ মেঃটন ধান সংগ্রহ করা হয়েছে এবং সংগ্রহ কার্যক্রম অব্যাহত আছে। খুব শীঘ্রই লক্ষ্যমাত্রা সম্পন্ন হবে বলে অভিমত প্রকাশ করেন। তিনি ধান সংগ্রহ কার্যক্রমে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সার্বিক সহযোগিতার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান মৎস্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি মৎস্য বিভাগের গৃহিত কার্যক্রমে ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখা সহ আগ্রহী মৎস্য চাষীদের পরামর্শ প্রদান,বিল নার্সারী কার্যক্রম চলমান রাখা সহ প্রদর্শনী কার্যক্রম ও প্রশিক্ষণ প্রদানের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা কে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান,বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে স্থায়ী পশুর হাট (বালাগঞ্জ বাজার ও মাদ্রাসা বাজার) এবং অস্থায়ী পশুর হাট (কালিবাড়ি বাজার, আজিজপুর বাজার, হামছাপুর বাজার) এর জন্য ভেটেরিনারি মেডিকেল টিম গঠন করা হয়েছে মর্মে সভায় অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা / ইউপি চেয়ারম্যান (সকল) |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, করোনা ভাইরাসের সংক্রমণ থেকে শিক্ষার্থীদের সুরক্ষার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে। শিক্ষকগণ **অনলাইন পাঠদান মনিটরিং** সিস্টেমে চলমান রয়েছে। | শিক্ষার মনোন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখা এবং করোনা ভাইরাসজনিত কোভিড-১৯ সংকট-কালীন সময় শিক্ষার্থীদের অনলাইন শ্রেণি কার্যক্রম অব্যাহত রাখতে উপজেলা শিক্ষা কর্মকর্তা, জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান(সকল) |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাস কোভিড-১৯ এর কারণে অনলাইন পাঠদান কার্যক্রম অব্যাহত রয়েছে। | শিক্ষার মনোন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখা এবং করোনা ভাইরাসজনিত কোভিড-১৯ সংকটকালীন সময় শিক্ষার্থীদের অনলাইন শ্রেণি কার্যক্রম অব্যাহত রাখতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা উপস্থিত না থাকায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। | সভায় নিয়মিত উপস্থিত থাকাসহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | | |
|---|---|---|---|
| জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, পূর্বের ন্যায় বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্যানিটেশন কার্যক্রম ও নিরাপদ পানি সরবরাহ এবং সংরক্ষণ বাস্তবায়নসহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এবং সার্বিক সহযোগিতার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/উপজেলা শিক্ষা কর্মকর্তা/উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা না থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | সভায় নিয়মিত উপস্থিত থাকাসহ বিভাগীয় কার্য়ক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখা সহ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ইউপি চেয়ারম্যান (সকল)/ট্যাগ অফিসার(সকল) |
| সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ২০২০-২০২১ অর্থ বছরের সর্বশেষ কিস্তির বয়স্ক, বিধবা ও স্বামী নি:গৃহীতা মহিলা এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীদের এপ্রিল-জুন বয়স্ক, বিধবা প্রতিবন্ধীদের ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির টাকা প্রদান করা হয়েছে। তিনি আরো জানান সকল ধরনের ভাতার মৃত ব্যাক্তির প্রতিস্থাপন দ্রুত প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। তাছাড়া সকল প্রকার ভাতাভোগীদের ভাতা সুষ্ঠভাবে বিতরণ কার্যক্রমে ইউপি চেয়ারম্যানগণ সার্বিক সহযোগিতা করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে উপজেলা সমবায় কর্মকর্তা এবং সার্বিক সহযোগিতার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | সভায় নিয়মিত উপস্থিত থাকাসহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার সহ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য পল্লী সঞ্চয় ব্যাংক এর ব্যবস্থাপককে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক/ইউপি চেয়ারম্যান (সকল) |
| নিয়মিত রাজস্ব ব্যায় | উপজেলা পরিষদ চেয়ারম্যান এর কক্ষে পর্দার বিল বাবদ =৪৬,৯৮০/-(ছেচল্লিশ হাজার নয়শত আশি) টাকা পাম্প হাউস, রাস্তার বাতি এবং অডিটরিয়ামের জুলাই/২০২০ হতে জুন/২১ মাসের বিদ্যুৎ বিল বাবদ=১,৫৩,৭৮৩/- (একলক্ষ তিপ্পান্ন হাজার সাতশত তিরাশি) টাকা, উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে রং করা বাবদ=৮,৮০০/-(আট হাজার আটশত) টাকা ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২,০৯,৫৬৩/-(দুই লক্ষ নয় হাজার পাঁচশত তেষট্টি) টাকা ব্যয় সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | চেয়ারম্যান,উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | | |
|---|---|---|---|
| বিবিধ | (ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় আসন্ন পবিত্র ঈদ-উল- আযহা উপলক্ষে গবাদি পশুর হাট স্থায়ী-০২, অস্থায়ী-০৩ মোট ৫(পাঁচ) গবাদিপশুর হাটে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স ও প্রাণিসম্পদের মেডিকেল টিম এবং ব্যাংকের মাধ্যমে জাল নোট সনাক্ত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। গবাদি পশুর হাটে যথাযথভাবে স্বাস্থ্য বিধি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান।<br>খ) উপজেলা নির্বাহী অফিসার বলেন পবিত্র ঈদ-উল-আযহার জামায়াত স্বাস্থ্য বিধি মেনে মসজিদ ও মসজিদ সংলগ্ন মাঠে নামাজ আদায় করা যাবে কিন্তু দূরবর্তী কোন ঈদগাহে নামাজ আদায় করার অবকাশ নেই ।<br>(গ) উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন প্রতিটি ইউনিয়নে পশু জবাই করার স্থান নির্ধারণ করা হয়েছে।নির্ধারিত স্থানে পশু জবাই পরবর্তীতে দ্রুত বর্জ্য নিষ্কাষণ/পরিস্কারের ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | ক) আসন্ন পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষে গবাদিপশুর হাট স্থায়ী -০২ , অস্থায়ী-০৩ মোট- ৫ (পাঁচ) টি গবাদি পশুর হাটে অফিসার ইনচার্জ,বালাগঞ্জ থানা প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করবেন।<br>উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ৫টি গবাদি পশুর হাটে প্রাণি সম্পদের মেডিকেল টিম প্রেরণ করবেন।<br>সকল ব্যাংক ব্যবস্থাপক জাল নোট সনাক্ত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>(খ)) পবিত্র ঈদ-উল-আযহার জামায়াত স্বাস্থ্য বিধি মেনে মসজিদ ও মসজিদ সংলগ্ন খোলা মাঠে ঈদের জামায়াত আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) নির্ধারিত স্থানে পশু জবাই পরবর্তী দ্রুত পশুর রক্ত/বর্জ্য নিষ্কাষণ/পরিস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার/ অফিসার ইনচার্জ বালাগঞ্জ থানা/উপজেলা প্রকৌশলী/ ব্যবস্থাপক সকল ব্যাংক/ ইউপি চেয়ারম্যান (সকল) |

সভাপতির সমাপনী বক্তব্য : উপজেলা পরিষদ চেয়ারম্যান উপজেলা কমিটির সভাকে কার্যকর করতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ করেন। চলমান পরিস্থিতির প্রেক্ষিতে সবাইকে স্বাস্থ্য বিধি মেনে অর্পিত দায়িত্ব পালনের জন্য সকলকে অনুরোধ করেন। উপজেলা পরিষদের সাধারণ সভাকে কার্যকর করতে সকল বিভাগের কর্মকর্তাদের সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। তিনি বালাগঞ্জ উপজেলার সার্বিক পরিস্থিতি মোকাবেলা ও উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সকলকে একযোগে কাজ করার জন্য জনপ্রতিনিধি ও কর্মকর্তাদের অনুরোধ করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোস্তাকুর রহমান)
চেয়ারম্যান
বালাগঞ্জ উপজেলা পরিষদ
বালাগঞ্জ,সিলেট
Email.ucbalaganj@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১০৮.০০৬.১৬.০৮৬.২১-২৬৪
তারিখ : ১৮ জুলাই ২০২১

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৪। জেলা প্রশাসক, সিলেট
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ , বালাগঞ্জ, সিলেট
০৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালাগঞ্জ, সিলেট

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে-

০১। উপজেলা .................................কর্মকর্তা, বালাগঞ্জ, সিলেট

০২। চেয়ারম্যান....................................ইউপি (সকল), বালাগঞ্জ, সিলেট

০৩। জনাব.............................................................................

১৮/০৭/২০২১

( রোজিনা আক্তার )

উপজেলা নির্বাহী অফিসার

বালাগঞ্জ, সিলেট।

☎ ০২৯৯৬৬৪৪৯৬৫

| ক্র.নং | জনপ্রতিনিধির নাম ও পদবী | তারিখ ২১/০৬/২৩ | তারিখ ২৭/০৪/২৩ | তারিখ ০৪/০৫/২৩ | তারিখ ২৮/০৬/২৩ | তারিখ ০৫/০৭/২৩ | তারিখ ১৯/০৮/২৩ | তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১। | জনাব মাহমুদ-উস-সামাদ চৌধুরী সংসদ সদস্য-সিলেট-০৩ | | | | | | | |
| ০২। | জনাব মো: মোস্তাকুর রহমান চেয়ারম্যান, উপজেলা পরিষদ | | | | | | | |
| ০৩। | জনাব মো: সামছ উদ্দিন ভাইস চেয়ারম্যান | [illegible] | | [illegible] | [illegible] | | [illegible] | |
| ০৪। | জনাব শেখ আক্তার মনি মহিলা ভাইস চেয়ারম্যান | [illegible] | | [illegible] | [illegible] | | [illegible] | |
| ০৫। | জনাব মো: আব্দুল বাছিত চেয়ারম্যান, পূর্ব পৈলনপুর ইউপি | [illegible] | | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৬। | জনাব মো: আনহার মিয়া চেয়ারম্যান, দয়ামীরপুর ইউপি | [illegible] | | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৭। | জনাব নজমুল আলম চেয়ারম্যান, দেওয়ান বাজার ইউপি | [illegible] | | [illegible] ০৩/০৫/২৩ | [illegible] ২৮/০৬/২৩ | | | |
| ০৮। | জনাব তাজিরুল ইসলাম রবি চেয়ারম্যান, পশ্চিম গৌরীপুর ইউপি | | | [illegible] | [illegible] ২৮-০৬-২৩ | | | |
| ০৯। | জনাব মো: আব্দুল মুকিত চেয়ারম্যান, বালাগঞ্জ ইউপি | [illegible] | | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ১০। | জনাব হিমাংশু রঞ্জন দাস চেয়ারম্যান, পূর্ব গৌরীপুর ইউপি | [illegible] ০৫/০৬/২০২৩ | | [illegible] ০৩/০৫/২০২৩ | [illegible] ২৮/০৬/২০২৩ | | [illegible] ০৭/০৭/২০২৩ | |

| ক্র. নং | কর্মকর্তাবৃন্দ | তারিখ ১৯/০৫/২২ | তারিখ ২২/০৬/২২ | তারিখ ৩০/৬/২২ | তারিখ ২৮/৬/২২ | তারিখ ২৮/৭/২২ | তারিখ ২৭/৮/২২ | তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | | | | | | | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৩ | উপজেলা কৃষি কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৪ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৫ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৬ | উপজেলা প্রকৌশলী | [illegible] | [illegible] | | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ০৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | | | | |
| ০৯ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | | | [illegible] | |
| ১০ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] ২৭/৮/২২ | |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | | [illegible] | |
| ১৪ | উপজেলা সমবায় কর্মকর্তা | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | | |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | | | | | | |

| ক্রঃ নং | কর্মকর্তাবৃন্দ | তারিখ | তারিখ | তারিখ | তারিখ | তারিখ | তারিখ | তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১৬। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ১৭/০৬/২৩ [signature] | ২২/৪/২৩ [signature] | ০৯/৫/২৩ [signature] | ২৮-৮/২৩ [signature] | ১৮/৭/২৩ [signature] | ১৭/৮/২৩ [signature] | |
| ১৭। | বন ও পরিবেশ বিভাগ | [signature] | | | | | | |
| ১৮। | সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার | [signature] | | | [signature] | | | |
| ১৯। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | | |
| ২০। | তথ্য সেবা কর্মকর্তা | | | [signature] | | | | |
| ২১। | প্রাণিসম্পদ কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] | | | |